# এইচ্এস্ই গ্যাস সেইফ্টি এ্যাড্ভাইস লাইন 0800 300 363

(কেবল ইংরেজী ভাষায় পরামর্শ)

## সমস্যা

গ্যাসে চালিত সরঞ্জাম এবং ফ্লু (flue - গ্যাসের বাষ্প বের করে দেওয়ার পাইপ) ঠিকমত না লাগানো এবং রক্ষণাবেক্ষণ না করার ফলে, প্রতি বছর 30 জনের মত লোকের মৃত্যু হয়। আরও অনেকে অসুস্থতায় ভোগেন। কয়লা, কাঠ অথবা তেল ইত্যাদি অন্য জ্বালানির মত, গ্যাস ঠিকমত না জ্বললে, তার থেকে অতিরিক্ত পরিমাণ কার্বন মনোক্সাইড তৈরী হয়, এবং এটা বিষাক্ত।


আপনি এটা দেখতে পাবেন না। আপনি এটার স্বাদ পাবেন না। এমনকি আপনি এটার কোন গন্ধও পাবেন না। কিন্তু কয়েক ঘন্টার মধ্যে, কোনরকম বিপদের সঙ্কেত না দিয়েই, কার্বন মনোক্সাইড মৃত্যু ঘটাতে পারে।

ঘুমিয়ে থাকার সময় আপনার বিশেষ রকমের ঝুঁকি থাকে, কারণ কার্বন মনোক্সাইডের বিষক্রিয়ার প্রাথমিক লক্ষণগুলি আপনি বুঝতে পারবেন না। ক্লান্তি, তন্দ্রাচ্ছন্ন ভাব, মাথাব্যাথা, বমি বমি লাগা, বুকে এবং পেটে ব্যাথা হওয়া এর মধ্যে থাকে। এই লক্ষণগুলি অনেক সাধারণ অসুখের লক্ষণের মত, এবং সহজেই ফ্লু (ইনফ্লুয়েঞ্জা) বা শুধুমাত্র ক্লান্তির লক্ষণ বলে ভুল করা যায়।

আপনার এবং আপনার পরিবারের লোকজনের যদি এই লক্ষণগুলি থাকে এবং আপনারা মনে করেন যে এর সাথে কার্বন মনোক্সাইডের সম্পর্ক থাকতে পারে, তাহলে **আপনারা অবশ্যই জরুরী ডাক্তারের উপদেশ নেবেন**। রক্তের অথবা নিশ্বাসের একটা নমুনা আপনার ডাক্তারের পরীক্ষা করে দেখার প্রয়োজন হবে। কার্বন মনোক্সাইড তাড়াতাড়ি রক্তের থেকে চলে যায় এবং **তার সান্নিধ্যে থাকার চার ঘন্টারও বেশী পরে পরীক্ষা করলে, সে পরীক্ষার ফলাফল সঠিক নাও হতে পারে।**

কার্বন মনোক্সাইড থেকে আপনার বিষক্রিয়ার ঝুকি থাকে যদি:

- আপনার সরঞ্জাম ঠিকমত লাগানো না হয়ে থাকে;
- আপনার সরঞ্জাম ঠিকমত কাজ না করে;
- আপনার সরঞ্জাম নিরাপদ কিনা তা পরীক্ষা করে দেখা না হয়ে থাকে অথবা নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ না করা হয়ে থাকে;
- ঘরে যথেষ্ট পরিমাণ বিশুদ্ধ হাওয়া না থাকে;
- আপনার চিমনি অথবা ফ্লু (flue) যদি বন্ধ হয়ে গিয়ে থাকে;
- কর্গি-সাথে-নাম-না-লেখানো (CORGI-non-registered) ইঞ্জিনিয়ারদের দিয়ে আপনার জিনিষপত্র লাগান অথবা রক্ষণাবেক্ষণ কাজ করান।




একটা নিরাপদ গ্যাসের সরঞ্জাম

আপনি যে ঘরে ঘুমান, সেই ঘরে যদি কোন একটা সরঞ্জাম, যেটা রুম-সীলড নয় (ঘরের দিকটা নিশ্ছিদ্রভাবে বন্ধ করা নেই), সারারাত জ্বালিয়ে রাখা হয়, তাহলে একটা বিশেষ ঝুঁকি থাকে। (রুম-সীলড জিনিষের থেকে গ্যাসের বাষ্প বের করে দেওয়ার পাইপটা সাধারণত: ছাদের কাছে না থেকে, বাইরের দেওয়ালে, নিচু জায়গায় থাকে এবং এটাকে একটা খাঁচা দিয়ে রক্ষা করা হয়)।

## উত্তর

আপনি যদি মনে করেন যে কোন গ্যাসে চালিত সরঞ্জাম ঠিকমত কাজ করছে না, তাহলে সেটা **কখনও ব্যবহার করবেন না**। যে লক্ষণগুলির দিকে খেয়াল রাখেতে হবে তার মধ্যে আছে হলুদ বা কমলা রঙের শিখা (ফুয়েল-এফেক্ট ফায়ার ছাড়া, কারণ এগুলির শিখার রঙ এরকম), সরঞ্জামটির আশেপাশে ঝুল অথবা দাগ থাকা এবং পাইলট লাইট প্রায়ই নিভে যাওয়া।

কোন সরঞ্জামকে **কখনও** ঢেকে **রাখবেন না** অথবা হাওয়া চলাচলের পথ বন্ধ **করবেন না**।

হাওয়া চলাচলের জাফরি (গ্রীল) অথবা এয়ার ব্রিকগুলি বন্ধ **করবেন না** বা এগুলিতে কোন বাধার সৃষ্টি **করবেন না**।

বাইরের ফ্লুকে **কখনও** ঢেকে **রাখবেন না** অথবা বন্ধ করে **দেবেন না**।

**সাবধান:** গ্যাসের সরঞ্জাম এমন কোন ঘরে যদি বাইরে থেকে হাওয়া ঢোকা বন্ধ করার ব্যবস্থা করা হয়, অথবা সীলিং বা এক্সট্র্যাক্টার ফ্যান, ডাবল গ্লেজিং অথবা ঘরের সাথে কনসারভেটরী লাগানো হয়, তাহলে তার পরে সেই এ্যাপ্লায়েন্সটা নিরাপদ কিনা তা পরীক্ষা করে দেখা




একটা বিপজ্জনক গ্যাসের সরঞ্জাম

উচিত।

**সব** গ্যাস ব্যবহারকারীদের উপদেশ দেয়া হচ্ছে যে তারা যেন **অন্তত: প্রতি 12 মাস অন্তর**, তাদের সরঞ্জামগুলি নিরাপদ কিনা তা একজন কর্গির সাথে নাম লেখানো ইনস্টলারকে (যিনি গ্যাসের জিনিষপত্র লগানোর কাজ করেন) দিয়ে পরীক্ষা করিয়ে নেন।

**বিনাপয়সায় একটা নিরাপত্তা সংক্রান্ত পরীক্ষা আপনার হয়ত প্রাপ্য হতে পারে।**
আপনার বয়স যদি ৬০ বছরের বেশী হয়, আপনি যদি দীর্ঘকাল ধরে অসুস্থ, প্রতিবন্ধী অথবা বধির হন বা কানে কম শোনেন, অন্ধ হন বা চোখে কম দেখেন, তাহলে আপনার সরবরাহকারীর প্রায়রিটি সার্ভিস রেজিস্টারে (পরিষেবা পাওয়ার অগ্রাধিকারের খাতায়) আপনার নাম লেখানোর অধিকার আছে। এটাতে নাম লেখাতে কোন টাকাপয়সা লাগে না এবং একবার সদস্য হয়ে গেলে, অন্যান্য জিনিষের সাথে, বছরে একবার বিনাপয়সায় গ্যাস সংক্রান্ত নিরাপত্তার পরীক্ষা পাওয়ার আপনার অধিকার আছে (যদি না আপনি ভাড়া বাড়ীতে থাকেন। তাহলে এই পরীক্ষাটা করানোর বাড়ীওয়ালার কর্তব্য)। আরও তথ্যের জন্য আপনার গ্যাস বিলের পিছনদিকটা দেখবেন।

আগে থেকে সতর্ক করে দেওয়ার আনুসঙ্গিক ব্যবস্থা হিসাবে **কার্বন মনোক্সাইড এ্যালার্মগুলি** উপকার করে। কিন্তু কর্গির সাথে নাম লেখানো ইনস্টলারকে দিয়ে গ্যাস চালিত সরঞ্জাম ঠিকমত লাগানো ও রক্ষণাবেক্ষণের বিকল্প হিসাবে এগুলিকে অবশ্যই দেখা উচিত **নয়**। আপনি যদি কার্বন মনোক্সাইড এ্যালার্ম কিনবেন বলে ঠিক করেন, তাহলে সেটা যাতে বর্তমান নিরাপত্তার মান (BS 7860 অথবা BS EN (BS 5091) অনুযায়ী হয় এবং তাতে কাইটমার্ক দেওয়া থাকে, তা নিশ্চিত করবেন। কোথায় লাগাতে হবে সে বিষয়ে নির্মাতার নির্দেশ সব সময় মেনে চলবেন।

আপনি গ্যাসের গন্ধ পেলে অথবা গ্যাস বেরিয়ে যাচ্ছে সন্দেহ করলে, নিচের জিনিষগুলি আপনার তৎক্ষণাৎ করা উচিত:

- সব দরজা এবং জানালা খুলে দেবেন।
- মিটার নিয়ন্ত্রণের ভাল্ভের (সেটা কোথায় তা আপনি যদি জানেন) থেকে বস গ্যাস সরবরাহ বন্ধ করে দেবেন। তবুও যদি গ্যাস বেরিয়ে যেতে থাকে, তাহলে **0800 111 999** গ্যাস ইমারজেন্সী **ফ্রীফোন (বিনাপয়সার ফোন) নম্বরে ট্রান্সকোকে টেলিফোন করবেন**।
- কোন বিশেষ সরঞ্জামে খুঁত আছে তা আপনি শনাক্ত করতে পারার ক্ষেত্রে ছাড়া অন্য সব সময়, কার্বন মনোক্সাইড বের হচ্ছে বলে আপনি সন্দেহ করলে, ওপরের পদ্ধতি অনুসরণ করবেন। কোন বিশেষ এ্যাপ্লায়েন্সে খুঁত আছে জানালে, অনুসন্ধান এবং মেরামতের জন্য কর্গির সাথে নাম লেখানো একজন ইনস্টলারের সাথে পরামর্শ করবেন।

## আইন

গ্যাস সেইফটি (ইনস্টলেশন এ্যান্ড ইউজ, রেগুলেশনস্ ১৯৯৮, গ্যাস ব্যবহারকারী এবং বাড়ীওয়ালাদের দায়িত্ব ঠিক করে দিয়েছে। যে বিল্ডিং রেগুলেশনে হাওয়া চলাচল ও ফ্লু-এর মান ঠিক করে দেওয়া হয়েছে, সেই রেগুলেশনের মত, দাহ্য পদার্থ ব্যবহারকারী যন্ত্রপাতি সংক্রান্ত নিরাপত্তা নিয়ন্ত্রণের অন্যান্য নিয়মকানুনের সাথে এই রেগুলেশনগুলির (নিয়মকানুনের) যোগসূত্র আছে। আপনার নিজের নিরাপত্তার জন্য মনে রাখবেন:

- **যারাই তাদের ব্যবসার অংশ হিসাবে গ্যাসের সরঞ্জাম অথবা স্থায়ীভাবে লাগানো কোন গ্যাসের জিনিষপত্র নিয়ে কাজ করেন, আইন অনুযায়ী তাদের সকলকেই দক্ষ হতে হবে এবং কর্গির (CORGI - কাউন্সিল ফর রেজিস্টার্ড গ্যাস ইনস্টলারস্)** সাথে নাম লেখাতে হবে। আপনার ইনস্টলারকে পরীক্ষা করে দেখার জন্য সবসময় তাদের ছবিসমেত কর্গির পরিচয়ের কার্ড দেখতে চাইবেন। এই কার্ডে ইনস্টলারের ছবি, তাদের কর্গির রেজিস্ট্রেশন (নাম লেখানোর) নম্বর, তাদের ব্যবসার নাম এবং কার্ডের মেয়াদ শেষ হয়ে যাওয়ার তারিখ দেওয়া থাকবে। এই ইনস্টলার গ্যাস সংক্রান্ত কি ধরণের কাজ করতে পারেন তা এই কার্ডের পিছন দিকে লেখা থাকবে। 01256 372300 নম্বরে, স্বাভাবিক অফিসের সময়ে আপনি কর্গিকে টেলিফোনও করতে পারেন অথবা www.corgi-gas.com ঠিকানায় কর্গির ওয়েবসাইটটা দেখতে পারেন;

...continues over

# এইচ্‌এস্‌ই গ্যাস সেইফ্‌টি এ্যাড্‌ভাইস লাইন 0800 300 363

(কেবল ইংরেজী ভাষায় পরামর্শ)

- **আইন অনুযায়ী, শুধুমাত্র একজন দক্ষ লোকই গ্যাসের সরঞ্জাম অথবা স্থায়ীভাবে লাগানো কোন গ্যাসের জিনিষপত্র নিয়ে কাজ করতে পারেন।** গ্যাস সরঞ্জাম নিয়ে কাজ করা অথবা স্থায়ীভাবে লাগানোর ব্যাপারে ডু-ইট্‌-ইওরসেল্‌ফ (নিজের হাতে করা) কাজ বিপজ্জনক হতে পারে এবং সেই সঙ্গে তা বেআইনীও হতে পারে।

- **আইন অনুযায়ী, গ্যাসের সরঞ্জাম অথবা স্থায়ীভাবে লাগানো কোন গ্যাসের জিনিষপত্র নিরাপদ নয় বলে জানালে অথবা সন্দেহ করলে আপনি অবশ্যই সেটা ব্যবহার করতে পারবেন না।** যে সব গ্যাসের সরঞ্জাম অথবা স্থায়ীভাবে লাগানো কোন গ্যাসের জিনিষপত্র ব্যবহার করলে জীবননাশের ভয় থাকে, হেল্‌থ এ্যান্ড সেফ্‌টি এক্সেকিউটিভ কর্গির মাধ্যমে সব নাম লেখানো ইন্‌স্টলারদের বলেছে সেগুলির থেকে গ্যাসের সরবরাহ কেটে দিতে। এরকম একটা সরঞ্জাম অথবা স্থায়ীভাবে লাগানো জিনিষের থেকে গ্যাসের সরবরাহ কেটে দেওয়াটা আপনার নিজের এবং অন্যান্যদের নিরাপত্তার স্বার্থের পক্ষে ভাল। সেই এ্যাপ্লায়েন্স বা অথবা স্থায়ীভাবে লাগানো জিনিষটা ব্যবহার করার আগে, একজন কর্গির সাথে নাম লেখানো ইন্‌স্টলারকে দিয়ে সেটার মেরামত করিয়ে নেবেন;

- **আইন অনুযায়ী, স্থায়ীভাবে লাগানো গ্যাসের জিনিষপত্র ও ফ্লুগুলির ভাল অবস্থায় থাকা, এবং গ্যাসের সরঞ্জাম ও ফ্লুগুলিকে প্রতি ১২ মাসে একবার নিরাপত্তার জন্য পরীক্ষা করে দেখা নিশ্চিত করাটা সাধারণত: বাড়ীওয়ালাদের দায়িত্ব। এই নিরাপত্তা পরীক্ষা করানোর লিখিত বিবরণ অন্তত: দুই বছরের জন্য তাদের রাখতে হবে এবং তাদের বর্তমান ভাড়াটেদের এবং কোন নতুন ভাড়াটে আসার আগে তাদের সবচেয়ে সাম্প্রতিক পরীক্ষার সার্টিফিকেটটা দিতে হবে।** এ্যাপ্লায়েন্স যদি আপনার হয়, তাহলে সেটার রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা সংক্রান্ত পরীক্ষা করানোটা আপনার দায়িত্ব;

- **আইন অনুযায়ী, রুম-সীল্‌ড ধরণের ছাড়া, ঘুমানোর জায়গায় ফায়ার, বয়লার এবং হীটারের মত গ্যাস সরঞ্জাম লাগানো সম্পর্কে বাধানিষেধ আছে। যে সব এ্যাপ্লায়েন্স ১লা জানুয়ারী ১৯৯৬-এর পরে লাগানো হয়েছে এবং ভাড়া বাড়ীতে যেগুলি আগে থেকেই লাগানো ছিল ও সেই ঘরগুলিকে ৩১শে অক্টোবর ১৯৯৮-এ শোওয়ার ঘরে পরিণত করা হয়েছে, শুধুমাত্র সেই সব সরঞ্জামের ক্ষেত্রে এই বাধানিষেধগুলি প্রযোজ্য।** প্রচলিত ১৪ কিলোওয়াট বা তার কমের গ্যাস ফায়ারের মত, যে সব সরঞ্জাম রুম-সীল্‌ড নয়, সেগুলি লাগানো যেতে পারে শুধুমাত্র যদি সেগুলিতে একটা যন্ত্র লাগানো থাকে যেটা বিপজ্জনক পরিমাণের বাস্প জমার আগেই গ্যাসের সরবরাহটা নিজে থেকেই বন্ধ করে দিতে পারে। ১৪ কিলোওয়াট বা তার বেশী সরঞ্জামের ক্ষেত্রে, এই ধরণের থাকার জায়গার জন্য শুধুমাত্র রুম-সীল্‌ড সরঞ্জাম ব্যবহার করার অনুমতি আছে;

- **আইন অনুযায়ী, ৩১শে অক্টোবর ১৯৯৮ থেকে, রুম-সীল্‌ড নয় অথবা বিপজ্জনক পরিমাণের বাস্প জমার আগেই গ্যাসের সরবরাহটা নিজে থেকেই বন্ধ করে দেবে এরকম কোন নিরাপত্তার যন্ত্র তাতে লাগানো না থাকলে, সঙ্গে সঙ্গে জল গরম করার হীটার কোন ঘরে লাগানো বেআইনী;**

- **আইন অনুযায়ী, ইমারজেন্সী (জরুরী অবস্থা) হলে, মেইনস্‌ গ্যাস সরবরাহকারী/ইমারজেন্সী সার্ভিসদাতাদের ....দের) অবশ্যই সেই অবস্থাটা নিরাপদ করতে হবে।** গ্যাস কেন বের হয়ে যাচ্ছে তার কারণ তাদের নির্ণয় করতে হবে এবং ১২ ঘন্টার মধ্যে গ্যাস বেরিয়ে যাওয়াটা বন্ধ করতে হবে। কার্বন মনোক্সাইড বেরিয়ে যাওয়ার আসল ঘটনা ঘটলে অথবা সন্দেহ থাকলে, ক্রেতাদের দেওয়া খবর অনুযায়ী তাদের কাজ করা এবং অবস্থাটা নিরাপদ করা উচিত।

## আরও পাঠ্যবস্ত

এই বিষয়ে আপনি আরও বিস্তারিত তথ্য চাইলে, নিচে দেওয়া হেল্‌থ এ্যান্ড সেইফ্‌টি এক্সেকিউটিভের প্রকাশনাগুলি আপনার কাজে লাগতে পারে: সেইফ্‌টি ইন্‌ দা ইন্‌স্টলেশন এ্যান্ড ইউজ্‌ অফ্‌ গ্যাস সিস্টেমস্‌ এ্যান্ড এ্যাপ্লায়েন্সস্‌ (গ্যাসের ব্যবস্থা করা ও সরঞ্জাম নিরাপদে লাগানো ও ব্যবহার করা), গ্যাস সেইফ্‌টি (ইন্‌স্টলেশন এ্যান্ড ইউজ্‌) রেগুলেশনস্‌ 1998 (গ্যাসের সরঞ্জাম লাগানো ও নিরাপদে ব্যবহার করা সংক্রান্ত নিয়মকানুন 1998), এ্যাপ্রুভ্‌ড কোড অফ্‌ প্রাক্‌টিস এ্যান্ড গাইডেন্স L56 (সেকেন্ড এডিশন) (অনুমোদিত নীতি ও নির্দেশিকা L56 - দ্বিতীয় সংস্করণ) এইছ্‌এস্‌ই বুক্‌স 1998 ISBN 0 7176 1635 5.

অফিস অফ্‌ দা ডেপুটি প্রাইম মিনিস্টার, এর পরে দেওয়া প্রচারপত্রটি প্রকাশ করেছে: ডেঞ্জার: কার্বন মনোক্সাইড পয়জনিং। সলিড ফুয়েল, উড এ্যান্ড অয়েল বার্নিং এ্যাপ্লায়েন্সস্‌। গেট দেম চেক্‌ড, সুইপ ইওর চিমনীজ্‌ এ্যান্ড বী সেইফ্‌ ১৯৯৯ (বিপদ: কার্বন মনোক্সাইডের থেকে বিষক্রিয়া হওয়া। শক্ত জ্বালানি, কাঠ, এবং তেল ব্যবহারকারী জিনিষপত্র, এগুলি পরীক্ষা করাবেন, চিমনি পরিষ্কার করাবেন এবং নিরাপদে থাকবেন ১৯৯৯)। পাওয়া যায়:
Free Literature Service (ফ্রী লিটারেচার সার্ভিস),
PO Box 236, Wetherby, West Yorkshire LS23 7NB
টেলিফোন: 0870 1226 236, ফ্যাক্স: 0870 1226 237,
টেক্সট্‌ফোন: 0870 1207 405, অথবা
www.safety.odpm.gov.uk/bregs/br19.htm ঠিকানা থেকে ডাউনলোড করুন।

## আরও তথ্য

এইচ্‌এস্‌ই-এর (হেল্‌থ এ্যান্ড সেইফটি এক্সেকিউটিভ্‌-এর) যে প্রকাশনাগুলি দাম দিয়ে কিনতে হয় এবং যেগুলি বিনাপয়সায় পাওয়া যায়, তার সবগুলিই ডাকে অর্ডার দিলে নিচের ঠিকনা থেকে পাওয়া যায়:
HSE Books (এইচ্‌এস্‌ই বুক্‌স),
PO Box 1999, Sudbury, Suffolk CO10 2WA
টেলিফোন: 01787 881165 ফ্যাক্স: 01787 313995ওয়েবসাইট: www.hsebooks.co.uk
(এইচ্‌এস্‌ই-র যে প্রকাশনগুলি দাম দিয়ে কিনতে হয়, সেগুলি বইয়ের দোকানে পাওয়া যায় এবং বিনাপয়সার প্রচারপত্রগুলি **www.hse.gov.uk** ঠিকানায় এইচ্‌এস্‌ই-র ওয়েবসাইট থেকে ডাইনলোড করা যায়।

ব্রিটিশ স্ট্যান্ডার্ডগুলি নিচের ঠিকানা থেকে পাওয়া যায়
BSI Customer Services (বিএসআই - ব্রিটিশ স্ট্যান্ডার্ডস্‌ ইন্‌স্টিটিউট), 389 Chiswick High Road, London W4 4AL
টেলিফোন: 020 8996 9001 ফ্যাক্স: 020 8996 7001
ওয়েবসাইট: www.bsi-global.com
স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত তথ্যের জন্য এইচ্‌এস্‌ই-র ইন্‌ফোলাইন-এ টেলিফোন করুন: টেলিফোন: 08701 545500 ফ্যাক্স: 02920 859260 ই-মেইল: hseinformationservices@natbrit.com
অথবা চিঠি লিখুন: HSE Information Services (এইচ্‌এস্‌ই ইন্‌ফরমেশন সার্ভিসেস্‌), Caerphilly Business Park, Caerphilly CF83 3GG.
এইচ্‌এস্‌ই-র গ্যাস সেইফ্‌টি ওয়েবসাইট:
**www.hse.gov.uk/gas/index.htm**

**এইচ্‌এস্‌ই গ্যাস সেইফ্‌টি এ্যাড্‌ভাইস লাইন**
**0800 300 363**

হেল্‌থ এ্যান্ড সেইফ্‌টি এক্সেকিউটিভ এই নির্দেশিকাটি প্রকাশ করেছে। এই নির্দেশিগুলি মেনে চলা বাধ্যতামূলক নয় এবং অন্য রকম ব্যবস্থা নেওয়ায় আপনার কোন বাধা নেই। কিন্তু আপনি যদি এই নির্দেশগুলি মেনে চলেন, তাহলে আপনি যা করবেন তা আইন মেনে চলার পক্ষে যথেষ্ট। হেল্‌থ এ্যান্ড সেইফ্‌টি ইন্সপেক্টররা সকলকে আইন মানতে বাধ্য করার চেষ্টা করেন এবং ভাল পদ্ধতির উদাহরণ হিসাবে এই নির্দেশিকাটি দেখতে বলতে পারেন।

© ক্রাউন কপিরাইট। বিজ্ঞাপন দেওয়া, অনুমোদন করা অথবা ব্যবসার জন্য ব্যবহার করার ক্ষেত্রে ছাড়া, অবাধে এই নির্দেশিকাটির প্রতিলিপি (কপি) করতে পারবেন।

10/02 তে প্রথম প্রকাশ করা হয়েছে। দয়া করে স্বীকার করবেন যে এইচ্‌এস্‌ই-র প্রকাশ করা হয়েছে।
**INDG238(rev2)** 10/02 C7500
হেল্‌থ এ্যান্ড সেইফ্‌টি এক্সেকিউটিভ কর্তৃক মুদ্রিত এবং প্রকাশিত


পরিমার্জিত 2002 সংস্করণ

HSE Health & Safety Executive

# গ্যাস এ্যাপ্লায়েন্সেস্‌/সরঞ্জাম

## এগুলির পরীক্ষা করান এগুলিকে নিরাপদ অবস্থায় রাখবেন

এই প্রচারপত্রে গুরুত্বপূর্ণ নতুন তথ্য আছে।
দয়া করে পড়ুন।
এর ফলে আপনার প্রাণ বাঁচতে পারে।



এইচ্‌এস্‌ই গ্যাস সেইফ্‌টি এ্যাড্‌ভাইস লাইন (হেল্‌থ এ্যাক্সিকিউটিভ্‌-এর গ্যাসের নিরাপত্তা সংক্রান্ত উপদেশের লাইন)

0800 300 363